

**ব্লাড মাউথ ক্লাবের সকল সদস্য, আজীবন সদস্য ও এলাকাবাসীর কাছে অত্যন্ত খুশির খবর :-**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মহিলাদের মূল টুর্নামেন্ট "সিনিয়র উইমেন্স ইনভাইটেশন টুর্নামেন্টে " ব্লাড মাউথ ক্লাব আজ চ্যাম্পিয়ন হয়েছে। গত বছর থেকে আমরা মহিলা ক্রিকেট টিম করতে শুরু করেছি। গত বছর টি-টোয়েন্টিতে কিছুটা ভালো রেজাল্ট করতে পারলেও এ বছর প্রধান টুর্নামেন্টটিতেই আমরা চ্যাম্পিয়নশীপের খেতাব বর্জন করতে পারলাম।

আগামীকাল এবং ৩রা মার্চ সুপার লিগের মেন্স ক্রিকেটের দুটি ম্যাচের রেজাল্ট এর পরিপ্রেক্ষিতে নির্ধারিত হবে সুপার লিগে আমরা এবছর চ্যাম্পিয়নশিপের খেতাব বর্জন করতে পারব কিনা। দীর্ঘ প্রায় কুড়ি বছর পর গত বছর আমরা সুপার লীগে এসেছিলাম। এবছরই আমরা চ্যাম্পিয়নশিপের দোরগোড়ায় রয়েছি। এমবিবি স্টেডিয়ামে খেলা দুটি হবে। তবে আজকের মহিলা ক্রিকেটের চ্যাম্পিয়ানশিপের খেতাব ব্লাড মাউথ ক্লাবের সফলতার মুকুটে আরেকটি গুরুত্বপূর্ণ পালক যুক্ত করে দিল । এই জয় সকল ক্লাব সদস্য, আজীবন সদস্য ও এলাকাবাসীর জয়।

ব্লাড মাউথ ক্লাব কার্যকরী কমিটির পক্ষে
সেবক ভট্টাচার্য
(ক্লাব সম্পাদক)